গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
ইউএনএফপিএ'স সাপোর্ট টু এসআরএমএনসিএইচ প্রোগ্রাম থ্রু ডিজিএইচএস
মহাখালী, ঢাকা-১২১২

স্মারক নং: স্বাঃঅধিঃ/ইউএনএফপিএ/২০২৬/১২৫ তারিখ: ০৭ জুলাই ২০২৬ খ্রিঃ

পদের নামঃ মিডওয়াইফ।

পদের সংখ্যা: ১২ (বারো) টি। (অপেক্ষমান তালিকা হতে একটি পুল গঠন করা হবে)

চাকরির ধরণ: প্রকল্প

সময় : প্রাথমিক ভাবে ৩১ ডিসেম্বর, ২০২৬ পর্যন্ত, (ডিসেম্বর, ২০২৭, যাদি প্রকল্পের মেয়াদ বর্ধিত হয়) ।

জেলার নাম : ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অধীনে ঢাকা মহানগর জেনারেল হাসপাতাল ও নাজিরাবাজার মাতৃসদন, বাংলাদেশ পুলিশের অধীনে কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, এবং স্বাস্থ্য অধিদপ্তরের অধীনে কামরাঙ্গীরচর হাসপাতাল।

বয়স : ৩২ বছর (সর্বোচ্চ)।

আবেদনের শেষ তারিখ : ২০ জুলাই, ২০২৬।

পদের প্রেক্ষাপট:

যৌন ও প্রজনন স্বাস্থ্য ও অধিকার (এসআরএইচআর) কর্মসূচি পরিকল্পনা ও বাস্তবায়নকে শক্তিশালী করতে জেলা স্বাস্থ্য কর্তৃপক্ষকে সহায়তা করার জন্য ইউএনএফপিএ ঢাকা শহরে চারটি স্বাস্থ্যকেন্দ্রে বারো জন মিডওয়াইফ নিয়োগ করার পরিকল্পনা করেছে, যা স্বাস্থ্য অধিদপ্তরের নেতৃত্বে প্রাইমারি হেলথ কেয়ার ও জেলা সিভিল সার্জন অফিস, ঢাকার মাধ্যমে পরিচালিত হবে। চারটি হাসপাতাল হলো: ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অধীনে ঢাকা মহানগর জেনারেল হাসপাতাল ও নাজিরাবাজার মাতৃসদন, বাংলাদেশ পুলিশের অধীনে কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, এবং স্বাস্থ্য অধিদপ্তরের অধীনে কামরাঙ্গীরচর হাসপাতাল।

মূল দায়ীত্বসমূহঃ

১. হাসপাতালের বহিঃবিভাগে প্রজনন ও বয়ঃসন্ধিকালীন, গর্ভপূর্ব, গর্ভকালীন, প্রসব পরবর্তী সেবা,নবজাতক স্বাস্থ্য সেবা প্রদান করা।

২. হাসপাতালের আন্তঃ বিভাগে জরুরী প্রসূতি সেবাসহ নিরাপদ ও স্বাভাবিক প্রসূতি সেবার মানসম্মতভাবে সম্পাদন করা।

৩. ঝুকিপূর্ণ গর্ভ ও প্রসব চিহ্নিত করে যথাস্থানে রেফার করা।

৪. মা ও নবজাতকের মানসম্মত অত্যাবশ্যকীয় স্বাস্থ্যসেবা প্রদানসহ চিকিৎসা সংক্রান্ত নির্দেশনা বাস্তবায়ন করা।

৫. মিডওয়াইফ হিসাবে মা ও নবজাতক ইউনিটের দায়ীত্ব পালন সহ মিডওয়াইফদের ডিউটি রোস্টার প্রস্তুত, কর্ম বন্টন ও তদারকিসহ নার্সিং সুপারভাইজারকে সহযোগিতা করা।

৬. পরিবার পরিকল্পনা সেবা ও পরামর্শ প্রদান করা।

৭. সেবা গ্রহিতা ও পরিবারের সাথে সন্তুষ্টিপূর্ন ও আস্থাশীল সম্পর্ক স্থাপন করা।

৮. অনুমোদিত ঔষধের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করাসহ প্রয়োজনীয় ঔষধপত্র, সরঞ্জামাদি এবং যন্ত্রপাতির ব্যবহার ও রক্ষণাবেক্ষণের ব্যবস্থা ও স্টক লেজার হালনাগাদ রাখা।

CamScanner

৯. মানসম্মত প্রসূতি ও নবজাতক সেবা প্রদান সম্পর্কিত সকল তথ্যাদি লিপিবদ্ধ ও সংরক্ষণের ব্যবস্থা নিশ্চিত করা এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা।

১০. হাসপাতালের সংশ্লিষ্ট বিভাগের মানসম্মত বর্জ্য ব্যবস্থ্যপনা/পরিস্কার পরিছন্নতাসহ রোগ সংক্রামক প্রতিরোধ ব্যবস্থাপনায় সহায়তা করা।

১১. নবদম্পতি, গর্ভপূর্ব, গর্ভকালীন, প্রসব কালীন ও প্রসব পরবর্তী মা কে যৌন রোগ, বাল্য বিবাহের অপকারিতা, প্রজনন ও বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য, মাতৃদুগ্ধ ও পরিবার পরিকল্পনা, মাসিক নিয়মিতকরন, গর্ভপাত পরবর্তী সেবা, লিঙ্গ বৈষম্য এবং নারীর বিরোদ্ধে সহিংসতা সম্পর্কে স্বাস্থ্য শিক্ষা প্রদান করা।

১২. হাসপাতালের বহিঃবিভাগ ও আন্তঃ বিভাগে সকল সেবা প্রদানকারীর সাথে সমন্বয় পূর্বক নির্ধারিত কর্ম সম্পাদন করা।

১৩. স্বাস্থ্য বিষয়ক কার্যক্রম ও দুর্যোগ মোকাবেলায় সক্রিয় অংশ গ্রহন করা।

১৪. স্বাস্থ্য সেবায় সংশ্লিষ্ট বিভাগ/ব্যক্তির সাথে আন্তঃব্যক্তিক/ আন্তঃবিভাগ যোগাযোগ ।

১৫. শুদ্ধাচার, নৈতিকতা, উদ্ভাবন ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন করায় সহযোগীতা করা।

১৬. উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত/প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা।

সমন্বয় সাধনঃ প্রাথমিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য স্বাস্থ্য অধিদপ্তর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, সিটি কর্পোরেশন, বাংলাদেশ পুলিশসহ অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে প্রয়োজনীয় সমন্বয় করে কাজ করা

প্রতিবেদন প্রস্তুত করাঃ মাসিক কর্ম পরিকল্পনা, মনিটরিং ভিজিট পরিকল্পনা প্রস্তুত করা এবং মাসিক ভিত্তিতে সম্পাদিত প্রতিবেদন জমা দেয়া।

অন্যান্যঃ দায়িত্বপ্রাপ্ত হাসপাতালের আশেপাশে বিশেষ করে দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে নরমাল ডেলিভারি বিষয়ে সচেতনতা তৈরি করা ও প্রয়োজনবোধে বাড়ি বাড়ি গিয়ে গর্ভবতী মায়ের তালিকা তৈরী ও হালনাগাদ করা

শিক্ষাগত যোগ্যতাঃ

৩ বছর মেয়াদী ডিপ্লোমা ইন মিডওয়াইফারী পরীক্ষায় উত্তীর্ণ এবং (BNMC) কর্তৃক স্বীকৃত সার্টিফিকেটধারী/ রেজিস্ট্রার্ড হতে হবে।

কর্ম দক্ষতাঃ

- দৃঢ় আন্তঃব্যক্তিক, যোগাযোগ এবং উপস্থাপনার দক্ষতা।
- দল তৈরির এবং অনুপ্রেরণার দক্ষতা।
- দ্রুত এবং অবহিতকরনের সিদ্ধান্ত গ্রহণ।
- কাজের অগ্রাধিকার দেওয়া এবং সংগঠিত করার দক্ষতা।
- ইংরেজিতে ভাল লিখতে এবং বলতে পারা।

অভিজ্ঞতা :

দেশী অথবা বিদেশী এনজিওতে কাজের কমপক্ষে দুই বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রজনন স্বাস্থ্য, কিশোর-কিশোরীর স্বাস্থ্য, মা ও শিশুস্বাস্থ্য সেবা এবং পরিবার পরিকল্পনা সেবায় অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। সেই সাথে কম্পিউটারে এমএস প্রোগ্রাম বিশেষ করে এমএস ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্টে সম্যক জ্ঞান থাকা আবশ্যক।

CS CamScanner

**কর্মস্থল :** সংশ্লিষ্ট স্থান।

**বেতন :** ৪০,০০০/-

কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

যোগ্যতা এবং অভিজ্ঞতার ভিত্তিতে শুধুমাত্র শর্ট লিস্টেড প্রার্থীরা পরীক্ষার জন্য নির্বাচিত হবেন। কেউ পরীক্ষার জন্য নির্বাচিত না হলে কর্তৃপক্ষ জবাব দিতে বাধ্য থাকবে না। যে কোন ধরনের তদবির নিরুৎসাহিত করা হচ্ছে এবং এটি নেতিবাচক হিসেবে গণ্য হবে। যথাসময়ে আবেদন না করলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আগ্রহী প্রার্থীগণকে কভার লেটার, জীবন বৃত্তান্ত MS Word/PDF করে প্রেরণ করতে হবে (JPG ফাইল গ্রহণ যোগ্য নয়)। পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, ডিপ্লোমা ইন মিডওয়াইফারী পরীক্ষায় উত্তীর্ণ সনদ সহ সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি ও অভিজ্ঞতার সনদপত্র, BNMC এর হালনাগাদ Registration এবং নাগরিকত্ব সনদের স্ক্যান কপি, ইমেইল ও মোবাইল নম্বর উল্লেখসহ আবেদনপত্র আগামী ২০ জুলাই, ২০২৬ তারিখ বিকেল ০৫:০০ টার মধ্যে প্রজেক্ট ম্যানেজার, ইউএনএফপিএ'স সাপোর্ট টু এসআরএমএনসিএইচ প্রোগ্রাম থ্রু ডিজিএইচএস বরাবর - এই ই-মেইলে : recruitment.dghs.unfpa@gmail.com_এ প্রেরণ করতে হবে।

CS CamScanner